

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ২৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/১১ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৮/মূসক/২০১৮—যেহেতু, বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা “মিশনারীজ অব চ্যারিটি” এর অনুকূলে দাতা সংস্থা “Missionaries of Charity, Antwerp Belgium” কর্তৃক অনুদান হিসেবে প্রেরিত “Food aid biscuits-8800, Incolac Milk-3841. Cartons Marthalac-1, 2-2000” এর উপর আমদানি পর্যায়ে শুল্ক-করাদি মওকুফ এর লক্ষ্যে এনজিও বিষয়ক ব্যরো, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সুপারিশ রাখিয়াছে; এবং

যেহেতু, ইতোপূর্বে একই ধরণের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড হতে বিশেষ আদেশ নং ৫০/২০১৭/কাস্টমস, তারিখ : ২৫-০৫-২০১৭ খ্রিস্টাব্দ মারফত ‘মিশনারীজ অব চ্যারিটি’র অনুকূলে আমদানি পর্যায়ে প্রযোজ্য শুল্ক-করাদি (AIT ব্যতীত) মওকুফ করা হয়েছিল এবং অনুদান হিসেবে প্রেরিত উল্লিখিত খাদ্য-সামগ্রী দুঃস্থ, অনাথ, পুষ্টিহীন শিশু ও মা এবং অসুস্থ, অসহায় ও মরণাপন্ন ব্যক্তিদের মধ্যে জাতি-ধর্ম নির্বিশেষে বিনামূল্যে বিতরণ করা হইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে আমদানি পর্যায়ে উক্ত সামগ্রীর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ও অগ্রিম মূল্য সংযোজন কর (এটিভি) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিল :—

শর্তাবলি :

- (ক) অনুদান হিসেবে প্রাপ্ত “Food aid biscuits-8800, Incolac Milk-3841. Cartons Marthalac-1, 2-2000” সামগ্রী দুঃস্থ, অনাথ, পুষ্টিহীন শিশু ও মা এবং অসুস্থ, অসহায় ও মরণাপন্ন ব্যক্তিদের মধ্যে জাতি-ধর্ম নির্বিশেষে বিনামূল্যে বিতরণ করা হইবে এবং কোন অবস্থায়ই বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর করা যাইবে না;

(৪৭২৫)

মূল্য : টাকা ৪.০০

-
- (খ) আমদানিতব্য পণ্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ. এস. কোডে শুল্কায়ন করিতে হইবে;
- (গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও ঘোষণার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইতে হইবে;
- (ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এ ক্ষেত্রে পরিপালনীয় হইবে; এবং
- (ঙ) সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট “মিশনারীজ অব চ্যারিটি, ঢাকা” কর্তৃক ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে যে, অনুদান হিসেবে প্রাপ্ত “Food aid biscuits-8800, Incolac Milk-3841. Cartons Marthalac-1, 2-2000” সমূহ কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, অন্যবিধ ব্যবহার, চুরি বা খোঁয়া গেলে মিশনারীজ অব চ্যারিটি, শিশু ভবন, ইসলামপুর ঢাকা কর্তৃক প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
হাছন মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মৃসক অব্যাহতি)।